

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর-৮০.১০৭.০১১.০০.০০.০১১.২০১৫.১১৬

তারিখ ঃ ০৪ সেপ্টেম্বর ২০১৯

বিষয় ঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের "এস্টিমেটর" ১০ম গ্রেড পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের **"এস্টিমেটর" ১০ম গ্রেড** (বিজ্ঞপ্তির তারিখ ঃ ০৯.৯.২০১৮; বিজ্ঞপ্তি নম্বর ঃ ৮০) পদে সরাসরি নিয়োগের জন্য গত ১৯.৬.২০১৯ তারিখে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে বিপিএসসি ফরম-৩ জমাপ্রদানকারী নিম্নে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে ঃ

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম	প্রার্থী সংখ্যা	রেজিস্ট্রেশন নম্বর
২৩.৯.২০১৯(সোমবার) সকাল ১০.০০টা	এস্টিমেটর	০৯ জন	000093 000096 000102 000195 000226 000261 000285 400030 400067 মোট =০৯ জন

২. **"এস্টিমেটর"** পদে লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৩. **প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ ও জাতীয় পরিচয় পত্রসহ অন্যান্য সকল সনদের মূল কপি, চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত মূল ছাড়পত্রের কপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, Applicant's Copy অবশ্যই মৌখিক পরীক্ষার সময় আনতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।** মৌখিক পরীক্ষার সময় মোবাইল ফোন, কোনো প্রকার ইলেকট্রনিক্স ডিভাইসসহ কমিশন ভবনে প্রবেশ করতে পারবেন না।

৪. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মূল আবেদনপত্রের(বিপিএসসি ফরম-৩) ০১ সেট কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে ঃ

ক. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
খ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
গ. ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
ঘ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;
ঙ. Applicant`s copy;
চ. লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;
ছ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি;
জ. সরকারি/আধাসরকারী, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি;

৫. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর ঘাটতি(Substantive) পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]